

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ)  
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো  
৮৯/২, কাকরাইল, ঢাকা।  
www.bmet.gov.bd

স্মারক নং-৪৯.০১.০০০০.৩৩৭.১১.০০১.১৬-৩১৯

তারিখ :

০৬ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ  
২১ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

**“নিয়োগ বিজ্ঞপ্তি”**

“৪০টি উপজেলায় ৪০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও চট্টগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন” শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ) এর নিম্নবর্ণিত শূণ্য পদে সাফুল্য বেতনে প্রকল্প চলাকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আবেদনের জন্য আবশ্যিকীয় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য নিম্নে উল্লেখ করা হল:

ক্রঃনং	পদের নাম	পদ সংখ্যা	গ্রেড ও সর্বসাকুল্যে মাসিক বেতন (টাকা)	নিয়োগ পদ্ধতি	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০১	গ্রেড-১৬ (জাতীয় বেতন স্কেল ২০১৫) ১৭,০৪৫.০০	সরাসরি নিয়োগ	অনূর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর	(ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত। (গ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। (ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে প্রতি মিনিটে বাংলায় ও ইংরেজিতে অনূন ২০ শব্দের গতি থাকতে হবে। কম্পিউটার এ্যাপটিচিউড টেস্টে উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবে।

**সাধারণ শর্তাবলী:**

- প্রার্থীর নাম ২। পিতা/স্বামীর নাম ৩। মাতার নাম ৪। জন্ম তারিখ ৫। বর্তমান ও স্থায়ী ঠিকানা ৬। জাতীয়তা ৭। ধর্ম ৮। শিক্ষাগত যোগ্যতা ৯। অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখসহ সাদা কাগজে আবেদন করতে হবে। আবেদনপত্র প্রকল্প পরিচালক “৪০টি উপজেলায় ৪০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও চট্টগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন” শীর্ষক প্রকল্প, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা-১০০০ ঠিকানায় আগামী ২৯/০৮/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (৯.০০-৫.০০) সরাসরি /ডাকযোগে পৌঁছাতে হবে।
- আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের কপি, কম্পিউটার প্রশিক্ষণ সনদের কপি, অভিজ্ঞতা সনদের কপি, চারিত্রিক সনদের কপি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভা/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নিজ জেলা ও নাগরিকত্বের সনদপত্র, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি, জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয় পত্রের কপি, কোটা থাকলে তার স্বপক্ষে প্রমাণপত্র সহ সকল সনদপত্রের কপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- সরকারি/আধা সরকারি সংস্থায় চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। আবেদন পত্রের অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও স্থায়ী বাসিন্দা হতে হবে।
- কোন কোটা থাকলে তা আবেদনপত্রের উপরে ডান পাশে স্পষ্ট করে লিখতে হবে।
- প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক পরীক্ষা বা সাক্ষাৎকার গ্রহণের তারিখ ও সময় ডাকযোগে জানানো হবে।
- নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধান মোতাবেক জেলা কোটা ও মুক্তিযোদ্ধা কোটাসহ অন্যান্য কোটা সংরক্ষণ করা হবে।
- নির্বাচনী পরীক্ষায় বা সাক্ষাৎকারে হাজির হওয়ার জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- মৌখিক সাক্ষাৎকার গ্রহণের সময় সকল প্রকার মূল সনদপত্র অবশ্যই দেখাতে হবে।
- এই নিয়োগ চুক্তিভিত্তিক এবং প্রকল্প চলাকালীন উন্নয়ন খাতের আওতাধীন। কোনভাবেই রাজস্ব খাতের আওতাভুক্ত হওয়ার সুযোগ নেই।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/স্বগত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২১/০৮/২০১৯  
প্রকল্প পরিচালক

“৪০টি উপজেলায় ৪০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও চট্টগ্রামে ১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন”।